পরীক্ষা নিয়ন্ত্রকের অফিস
ঢাকা বিশ্ববিদ্যালয়
(অফিস) ৮৬১৩২৮০
৯৬৬১৯০০-৫৯/৪০৭৫
ফ্যাক্স: ৮৮-০২-৯৬৬৭২২২

OFFICE OF THE CONTROLLER OF EXAMINATIONS
UNIVERSITY OF DHAKA
DHAKA-1000, BANGLADESH
Phone : (off.) 8613280
9661900-59/4075
Fax : 88-02-9667222
E-mail : examcontrollera7c@du.ac.bd

মেমো নংঃ- ১০২০/শা-২(ক)/প.

তারিখঃ ২৪ আশ্বিন ১৪২৬ / ০৯ অক্টোবর ২০১৯

১। অধ্যক্ষ, ঢাকা কলেজ, ধানমন্ডি, ঢাকা।
২। অধ্যক্ষ, ইডেন মহিলা কলেজ, আজিমপুর, ঢাকা।
৩। অধ্যক্ষ, বেগম বদরুন্নেছা সরকারি মহিলা কলেজ, বকশীবাজার, ঢাকা।
৪। অধ্যক্ষ, কবি নজরুল সরকারি কলেজ, মিউনিসিপ্যাল স্ট্রীট, ঢাকা।
৫। অধ্যক্ষ, সরকারি শহীদ সোহরাওয়ার্দী কলেজ, লক্ষ্মীবাজার, ঢাকা।
৬। অধ্যক্ষ, সরকারি বাঙলা কলেজ, মিরপুর, ঢাকা।
৭। অধ্যক্ষ, সরকারি তিতুমীর কলেজ, মহাখালী, ঢাকা।

## ২০১৮ সনের অনার্স ৪র্থ বর্ষ নিয়মিত, অনিয়মিত ও মানোন্নয়ন পরীক্ষার ফরম পূরণের বিজ্ঞপ্তি।

মহোদয়,
পরীক্ষার্থী ও সংশ্লিষ্ট সকলকে জানানো যাচ্ছে যে, ঢাকা বিশ্ববিদ্যালয়ের অধীনে ২০১৮ সনের (শিক্ষাবর্ষ ২০১৪-২০১৫) ৪র্থ বর্ষ অনার্স নিয়মিত এবং ২০১৩-১৪,২০১২-২০১৩,২০১১-২০১২ শিক্ষাবর্ষের অনিয়মিত ও মানোন্নয়ন পরীক্ষার পরীক্ষার্থীদের আবেদন ফরম পূরণ ও সংশ্লিষ্ট কলেজ কর্তৃপক্ষের পূরণকৃত ফরম ভেরিফিকেশন ও আনুষঙ্গিক নিয়ম ও শর্তাবলী নিম্নে প্রদত্ত হলো। পরীক্ষার বিস্তারিত সময়সূচি পরবর্তীতে সংশ্লিষ্ট সকলকে জানানো হবে।

| ক্র. নং | পরীক্ষার্থীদের ফিস্ এর বিবরণ | টাকা | পরীক্ষার্থী কর্তৃক অনলাইনে আবেদন ফরমপূরণ শুরু ও শেষ তারিখ | ঢাকা বিশ্ববিদ্যালয়ে ব্যাংক ড্রাফ্ট, কাগজপত্র জমা ও অনলাইনে ভেরিফিকেশনের শেষ তারিখ |
|---|---|---|---|---|
| ০১ | তত্ত্বীয় প্রতি পূর্ণ পত্রের জন্য বিশ্ববিদ্যালয়ে জমা হবে | ২০০/- | ১০/১০/২০১৯ বুধবার থেকে ২৩/১০/২০১৯ বুধবার | ২৭/১০/২০১৯ রবিবার |
| ০২ | তত্ত্বীয় প্রতি অর্ধ পত্রের জন্য বিশ্ববিদ্যালয়ে জমা হবে | ১৪০/- | | |
| ০৩ | ব্যবহারিক (প্রতি পত্র/কোর্সের জন্য বিশ্ববিদ্যালয়ে জমা হবে) | ২০০/- | | |
| ০৪ | রিসার্স প্রজেক্ট ফি (প্রতি পরীক্ষার্থীর জন্য প্রযোজ্য ক্ষেত্রে) | ২০০/- | | |
| ০৫ | মৌখিক ফি (প্রতি পরীক্ষার্থীর জন্য) | ২০০/- | | |
| ০৬ | ইনকোর্স পরীক্ষার ফি (প্রতি পরীক্ষার্থীর জন্য) বিশ্ববিদ্যালয়ের ফান্ডে জমা হবে | ১০০/- | | |
| ০৭ | বিশেষ অন্তর্ভুক্তি ফি (প্রতি কোর্স গ্রেড উন্নয়ন পরীক্ষার্থীদের জন্য পত্র প্রতি ফি ও অন্যান্য ফি এর অতিরিক্ত ফি প্রতি পরীক্ষার্থীর জন্য) | ৩০০/- | | |
| ০৮ | সাময়িক সনদ ফি (প্রতি পরীক্ষার্থীর জন্য) | ৩০০/- | | |
| ০৯ | নম্বরপত্র ফি প্রতি পরীক্ষার্থীর জন্য | ৪৫০/- | | |
| ০৫ | কেন্দ্র ফি তত্ত্বীয় (প্রতি পরীক্ষার্থী) কলেজে জমা হবে<br>ক. কলেজের অংশ ৩০০/- টাকা<br>খ. কেন্দ্রের অংশ ৪৫০/- টাকা | ৭৫০/- | | |
| ০৬ | কেন্দ্র ফি ব্যবহারিক (প্রতি পরীক্ষার্থী) কলেজে জমা হবে | ১২০/- | | |
| ০৭ | মাঠকর্ম ফি (প্রতি পরীক্ষার্থীর জন্য)-<br>ক. বিশ্ববিদ্যালয়ের ফান্ডে জমা হবে ১০০/- টাকা<br>খ. কলেজ ফান্ডে জমা হবে ১০০০/- টাকা | ১১০০/- | | |
| ০৮ | টার্ম পেপার ফি (প্রতি পরীক্ষার্থীর জন্য)-<br>ক. বিশ্ববিদ্যালয়ের ফান্ডে জমা হবে ১০০/- টাকা<br>খ. কলেজ ফান্ডে জমা হবে ১৫০/- টাকা | ২৫০/- | | |

<u>আবেদন ফরম পূরণ ঃ</u>

**অনলাইনে আবেদন ফরমপূরণ (শিক্ষার্থীদের জন্য) ঃ**

ক) আবেদনকারীকে বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইটে (7college.du.ac.bd) **Form Fill-up বাটনে** ক্লিক করে সাইন আপ করে নিজের রেজিস্ট্রেশন নম্বর ও পাসওয়ার্ড দিয়ে ওয়েবসাইটে প্রদত্ত নির্দেশনা অনুযায়ী (৭ কলেজের ওয়েবসাইটে প্রদত্ত ফরমপূরণের নির্দেশানাবলী অনুযায়ী) নিজের ডাটা এন্ট্রি করতে হবে। ডাটা এন্ট্রির প্রক্রিয়া সম্পন্ন হলে শিক্ষার্থী একটি প্রিভিউ দেখতে পাবে। পূরণকৃত ডাটা সঠিক থাকলে অনলাইন থেকে একটি পূরণকৃত আবেদন ফরম প্রিন্ট করে নিতে পারবে। পূরণকৃত ফরমে পরীক্ষার্থীর বিষয় কোড ও পরীক্ষার বিষয় সহ পরীক্ষার্থীর ব্যক্তিগত তথ্যাবলী উল্লেখ থাকবে। **অনলাইনে ফরমপূরণে কোন শিক্ষার্থী তার প্রদত্ত তথ্যে ভুল করলে তা শিক্ষার্থী নিজেই সর্বোচ্চ ০৩ (তিন) বার সংশোধন করতে পারবে।**

খ) শিক্ষার্থীদের প্রিন্টকৃত ফরমে কলেজ **অধ্যক্ষ/ভারপ্রাপ্ত অধ্যক্ষ** স্বাক্ষর করার পর ফটোকপি করে এক কপি শিক্ষার্থী সংরক্ষণ করবে এবং আরেক কপি শিক্ষার্থী স্বাক্ষর করে কলেজ কর্তৃক নির্ধারিত ডেস্কে/ সংশ্লিষ্ট বিভাগে অবশ্যই জমা দিতে হবে।

গ) যদি বিজ্ঞপ্তিতে উল্লেখিত শিক্ষাবর্ষের কোন পরীক্ষার্থীর ডাটা (অনলাইনে ফরমপূরণের জন্য) সরবরাহ করা না হয়ে থাকে তবে সে ক্ষেত্রে পরীক্ষার্থী কলেজ কর্তৃপক্ষের মাধ্যমে **২৩/১০/২০১৯** তারিখের মধ্যে শিক্ষার্থীর পূর্বের তথ্যসহ ঢাকা বিশ্ববিদ্যালয়ের পরীক্ষা নিয়ন্ত্রকের অফিসের ৩২২ নং কক্ষে জানাতে পারবে।

০১. পরীক্ষায় অংশগ্রহণের শর্তাবলী ঃ

<u>নিয়মিত পরীক্ষার্থীদের জন্য</u>

২০১৪-২০১৫ শিক্ষাবর্ষে জাতীয় বিশ্ববিদ্যালয়ে নিবন্ধিত এবং ৩য় বর্ষ অনার্স পরীক্ষায় Promoted শিক্ষার্থীরা নিয়মিত পরীক্ষার্থী হিসেবে ২০১৭ সনের ৪র্থ বর্ষ অনার্স পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবেন।

<u>মানোন্নয়ন পরীক্ষার্থীদের জন্য</u>

* ২০১১-২০১২, ২০১২-২০১৩ ও ২০১৩-২০১৪ শিক্ষাবর্ষে নিবন্ধিত যে সকল ছাত্র/ছাত্রী ৪র্থ বর্ষ অনার্স পরীক্ষায় এক বা একাধিক কোর্সে F গ্রেড প্রাপ্ত হয়েছে অথবা অনুপস্থিত রয়েছে তারা গ্রেড উন্নয়ন পরীক্ষার্থী হিসেবে ২০১৮ সালের ৪র্থ বর্ষ অনার্স পরীক্ষায় ঐ সকল কোর্সে অংশগ্রহণ করতে পারবেন।

<u>অনিয়মিত পরীক্ষার্থীদের জন্য</u>

* ২০১১-২০১২, ২০১২-২০১৩ ও ২০১৩-২০১৪ শিক্ষাবর্ষের পরীক্ষার্থী যারা ২০১৪, ২০১৫ ও ২০১৬ সালের অনার্স তৃতীয় বর্ষ পরীক্ষায় Promoted হয়ে অনার্স ৪র্থ বর্ষ পরীক্ষায় অংশগ্রহণ করেনি অথবা ২০১৭ সালের অনার্স তৃতীয় বর্ষ পরীক্ষায় অনিয়মিত পরীক্ষার্থী হিসাবে অংশগ্রহণ করে Promoted হয়েছে সে সকল পরীক্ষার্থী ২০১৮ সালের ৪র্থ বর্ষ অনার্স পরীক্ষায় অনিয়মিত পরীক্ষার্থী হিসাবে অংশগ্রহণ করতে পারবেন। এছাড়াও যে সকল শিক্ষার্থী ৩য় বর্ষ সম্মান- ২০১৬ এবং ২০১৭ পরীক্ষা দুটিতে সকল বিষয়ে উপস্থিত হয়ে কমপক্ষে ৪টি ডি গ্রেড পেয়েছে তারাও উক্ত পরীক্ষায় অনিয়মিত পরীক্ষার্থী হিসাবে অংশগ্রহণ করতে পারবে।

০২. <u>কলেজের জন্য করণীয়</u> ঃ

যে সকল পরীক্ষার্থী ২০১৮ সালের অনার্স ৪র্থ বর্ষ পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবে কিন্তু অনলাইনে পরীক্ষার্থীদের তালিকায় নাম নাই এমন কোন শিক্ষার্থী থাকলে এবং তালিকায় তাঁর ডাটা না পাওয়া যায় সে ক্ষেত্রে তার রেজাল্ট ও রেজিস্ট্রেশনের মেয়াদ যাচাইপূর্বক নির্ভুলভাবে নির্দিষ্ট এক্সেল ফরমেটে (ঢাকা বিশ্ববিদ্যালয় থেকে প্রেরিত) পরীক্ষার্থীদের ডাটা নির্দিষ্ট সময়ের মধ্যে প্রেরণ করতে হবে। এছাড়াও অনলাইনে আবেদন ফরমপূরণকৃত পরীক্ষার্থীদের বিষয়ভিত্তিক বিবরণীতে সংশ্লিষ্ট পরীক্ষার্থী, বিভাগীয় প্রধান ও অধ্যক্ষের স্বাক্ষরের পর মূল কপি ঢাকা বিশ্ববিদ্যালয়ে নির্ধারিত তারিখে জমা দিবে এবং এক কপি কলেজ সংরক্ষণ করবে উল্লিখিত পরীক্ষার ফলাফল প্রকাশিত হওয়া পর্যন্ত।

***** জাতীয় বিশ্ববিদ্যালয়ের রেজি. নম্বর এবং ঢাকা বিশ্ববিদ্যালয় থেকে রেজিস্ট্রেশন প্রাপ্ত হয়েছে তারা অবশ্যই প্রাপ্ত রেজিস্ট্রেশন দুইটি উল্লেখ করতে হবে *****

০৩. অনলাইনে আবেদন ফরম পূরণ নিশ্চয়ণ ও আনুষঙ্গিক কার্যাদি (কলেজের জন্য):

ক) ফরম পূরণকৃত পরীক্ষার্থীদের ডাটা ঢাকা বিশ্ববিদ্যালয়ের ওয়েব সাইটের (7 Collegedu.ac.bd) **Formfilup** লিংক এ গিয়ে কলেজ লগ ইন করে "আন ভেরিফাইড" লিস্ট এ পাওয়া যাবে। শিক্ষার্থীকর্তৃক পূরণকৃত ফরম দেখে ডাটা এন্ট্রি সঠিক হলে, শিক্ষার্থীর ফরমপূরণের ফিস জমা সম্পন্ন হয়ে থাকলে এবং শিক্ষার্থী ৪র্থ বর্ষে পরীক্ষায় অংশগ্রনের শর্ত পূরণ করলে কলেজ কর্তৃপক্ষ নিশ্চয়ন করতে হবে। এভাবে সকল পরীক্ষার্থীর ডাটা এন্ট্রি নিশ্চয়ন হওয়ার পর পরীক্ষার্থীর বিবরণী প্রিন্ট করে অধ্যক্ষ স্বাক্ষর করবেন।

খ) মানোন্নয়ন পরীক্ষার্থীদের ক্ষেত্রে যে পত্র/পত্রসমূহ মানোন্নয়ন দিতে ইচ্ছুক সে বিষয় কোড এন্ট্রি করতে হবে।

গ) পূরণকৃত আবেদন পত্রে রেজিস্ট্রেশন বিবরণী অনুযায়ী শিক্ষার্থীর নাম, রেজিস্ট্রেশন নম্বর, বিষয় কোড সঠিক আছে কি-না তা যাচাই পূর্বক অধ্যক্ষ/ভারপ্রাপ্ত অধ্যক্ষ স্বাক্ষর করবেন। ভুল তথ্য প্রদানের জন্য ঢাকা বিশ্ববিদ্যালয় দায়ী থাকবে না।

০৪. ফিস জমাদানের পদ্ধতি ঃ

২০১৮ সালের অনার্স ৪র্থ বর্ষ পরীক্ষার সকল পরীক্ষার্থীদের ফিসের টাকা কলেজ কর্তৃপক্ষ "DU-Affiliated Colleges" শিরোনামে হিসাব নং:-৪৪০৫৭০৩০০০০৬৬ (ঢাকা বিশ্ববিদ্যালয় কর্পোরেট শাখা) এই নামে সোনালী ব্যাংকের যে কোন শাখায় ব্যাংক ড্রাফট/পে-অর্ডারকরে জমা দিতে হবে। ব্যাংক ড্রাফট/পে-অর্ডার অবশ্যই হিসাবে দেয় (A/C Payee) হতে হবে। এছাড়াও ঢাকা বিশ্ববিদ্যালয়ের প্রচলিত নিয়মানুসারে প্রতিটি ফরমের মূল্য ১০০/- (একশত টাকা) যা নগদ টাকা বিশ্ববিদ্যালয়ে জমা দিতে হবে এবং কলেজ কর্তৃপক্ষের খরচ হিসেবে ৫০/- (পঞ্চাশ টাকা) করে প্রদান করবে।

০৫. ইনকোর্স পরীক্ষার নম্বর প্রেরণ ঃ

অনার্স ৪র্থ বর্ষ পরীক্ষার্থীদের ফরমপূরণ সময় ২০১৪-২০১৫ শিক্ষাবর্ষের নিয়মিত ঢাকা বিশ্ববিদ্যালয়ের পরীক্ষার রোলের বিপরীতে এবং ২০১১-২০১২, ২০১২-২০১৩ ও ২০১৩-২০১৪ শিক্ষাবর্ষের অনিয়মিত পরীক্ষার্থীদের সংশ্লিষ্ট কোর্সের পেপার কোড নম্বর ও জাতীয় বিশ্ববিদ্যালয়ের রেজিস্ট্রেশন নম্বরের বিপরীতে প্রাপ্ত নম্বর এক্সেলে এ প্রেরণ করতে হবে। এর এককপি নম্বরপত্র সংশ্লিষ্ট শাখার উপ-পরীক্ষা নিয়ন্ত্রকের নিকট প্রেরণ এবং এক কপি সংশ্লিষ্ট বিভাগীয় প্রধানের অফিসে সংরক্ষণ করতে হবে।

আপনার বিশ্বস্ত

(মোঃ বাহালুল হক চৌধুরী)
পরীক্ষা নিয়ন্ত্রক
ঢাকা বিশ্ববিদ্যালয়
Email: examcontrollera7c@du.ac.bd

09.10.19 09.10.2019